# ১৬শ পাঠ

## পোর ও বারিক (পাতলা ও গোল )

নিম্নলিখিত বর্ণগুলো অবস্থাভেদে পোর ও বারিক করে পড়তে হয় ।

১. র (راء) ২. (আল্লাহু) শব্দের লাম (اَللهُ)

আল্লাহ শব্দের লাম (اَللهُ) উচ্চারণের বিধান দুইটি :

১. আল্লাহ (اَللهُ) শব্দের লামের (اَللهُ) ডানে যদি জবর কিংবা পেশ থাকে তবে উক্ত লামকে (اَللهُ) সব সময় মোটা করে পড়তে হয় । পোর মানে গোল করে পড়া।

যেমন: اَرَادَ اللهُ - رَفَعَهُ اللهُ

২. আল্লাহ (اَللهُ) শব্দের লামের ডানে যদি জের বা কাসরাহ থাকে তবে উক্ত লামকে (الله) বারিক বা পাতলা করে পড়তে হয় ।

যেমন- لِلّٰهِ مَا فِيْ - بِسْمِ اللهِ

আল্লাহ (الله) শব্দের লাম لام বর্ণ ছাড়া যত লাম বর্ণ রয়েছে তার ডানে যে কোন হরকত হোক না কেন সর্বাবস্থায় তা বারিক বা পাতলা করে পড়তে হয় । যেমন- وَمَا لَكُمْ لا تُقَاتِلُوْنَ

র (ر) হরফ ৫টি অবস্থায় পোর বা মোটা করে পড়তে হয় ।

১.র ( ر ) এর ওপর জবর বা পেশ হলে উক্ত র (ر) পোর বা মোটা করে পড়তে হয়।

যেমন -رَبُّ العَالَمِيْنَ – رُبَمَا يَوَدُّ

২. র ( ر ) বর্ণ সাকিন ও তার পূর্ব বর্ণ পেশ বা জবরযুক্ত হলে উক্ত ‘র’ ( ر ) কে পোর বা মোটা করে পড়তে হয় ।

যেমন -اُرْكِسُوْا – يَرْجِعُوْنَ

ABC Learning

৩. 'র' (ر) সাকিন ও তার পূর্বে (كسره عارضى) ক্ষণস্থায়ী যের বিশিষ্ট বর্ণ হলে ঐ 'র' ( ر) বর্ণকে মোটা বা পোর করে পড়তে হয় ।

**যেমন -اِنِ ارْتَبْتُمْ ـ مِنِ ارْتَضَى**

৪. 'র' ( ر) এর পূর্ব বর্ণ যদি যের যুক্ত হয় এবং তার পরবর্তী অক্ষর নিম্নোক্ত ৭টি অক্ষরের যে কোন একটি হয় তবে ঐ 'র' (ر) কে পোর বা মোটা করে পড়তে হয়। হারফগুলো হল, ص، ض، ط، ظ، خ، غ، ق এগুলোকে হারফে মুস্তালিয়া বলে।

যেমন -مِرْصَادٌ ـ قِرْطَاسٌ ـ فِرْقَةٌ

৫. ওয়াকফ অবস্থায় 'র' (ر ) সাকিনের পূর্বে ইয়া (ياء) ব্যতীত অন্য কোন বর্ণ সাকিন হলে এবং সাকিনের পূর্ব বর্ণে যবর অথবা পেশ হলে উক্ত 'র' (ر) কে পোর বা মোটা করে পড়তে হয় । যেমন-صُدُوْرٌ شَهْرٌ ـ خُسْرٌ

## গোল তা (ة) এর ব্যবহার:

-গোল তা(ة) যখন মিলিয়ে পড়া হয় তখন গোল তা (ة)- তা এর মতই উচ্চারণ করা হয়।

যেমন: اَمَةُ اللهِ

- গোল তা(ة) কে যখন ওয়াকফ তথা থামিয়ে পড়া হয় তখন তা(ة) কে হা(ه) এর মত পড়া হয়।

যেমন:حَيَّ عَلَى الصَّلَاةْ [ হাইয়া আলাস সলাহ]

**আনা (اَنَا)এর ব্যবহার:**

বাক্যের মধ্যে এই আনা শব্দটি এক আলিফ টেনে পড়ার কথা থাকলেও ব্যতিক্রমভাবে আনাকে মাদ্দ ছাড়া পড়া হয়। তবে কোরানে বাহ্যিকভাবে চারটি আনা আছে যেগুলো পৃথক কোন শব্দ নয় বরং অন্যশব্দের অংশ এগুলো কিন্তু টেনে পড়তে হবে।

| | | | |
|---|---|---|---|
| انابُوْ | انابَ | اناسِيَ | اَنَامِلَ |

ABC Learning

ABC Learning